



Worksheet-13

Subject: Bengali

শ্রেণী সপ্তম  
পাঠ ~ ব্যাকরণ (সর্বনাম পদ)  
প্রশ্ন পত্র

Date: 28-Apr-20

বহু বিকল্প ভিত্তিক প্রশ্নাবলী:

(১×১৫=১৫)

১/সর্বনাম পদ কোন পদের পরিবর্তে ব্যবহার করা হয়?

- (i) বিশেষ্য (ii) বিশেষণ  
(iii) অব্যয় (iv) ক্রিয়া

২/বারবার একই পদ ব্যবহার করা হয় না কেন?

- (i) বারবার ব্যবহার করলে পড়তে ও বলতে অসুবিধা হয়  
(ii) শ্বাসকষ্টের অসুবিধা হতে পারে  
(iii) লেখার সময় পেনের কালি বেশি খরচ হয়  
(iv) শ্রুতি মাধুর্য নষ্ট হয়

৩/অজ্ঞাত কোন নামের পরিবর্তে আমরা কোন শব্দের /পদের প্রয়োগ করি?

- (i) বিশেষ্য পদ (ii) বিশেষণ পদ  
(iii) সর্বনাম পদ (iv) অব্যয় পদ

৪/বিশেষ্য পদ এর পরিবর্তে আমরা \_\_\_\_\_ পদ ব্যবহার করি

- (i) বিশেষণ পদ (ii) অব্যয় পদ  
(iii) ক্রিয়াপদ (iv) কোনোটিই নয়

৫/সর্বনামের লিঙ্গ বচন ব্যবহারের নিয়ম হলো—

- (i) যে বিশেষ্য পদের পরিবর্তে বসেছে তার লিঙ্গ, বচন অনুযায়ী হবে  
(ii) যে বিশেষণ পদ টি সেখানে উপস্থিত তার লিঙ্গ, বচন অনুযায়ী হবে  
(iii) সর্বনাম পদ এর ক্ষেত্রে লিঙ্গ, বচন এর কোন গুরুত্ব নেই  
(iv) সর্বনাম পদে ইচ্ছামত লিঙ্গ বচন ব্যবহার করা যায়

৬/সর্বনাম পদ বসে কেবল মাত্র—

- (i) পরিচিত পূর্বে উল্লেখিত ব্যক্তির নামের পরিবর্তে  
(ii) কোন অজ্ঞাত, পূর্বে অনুল্লেখিত অপরিচিত ব্যক্তির নামের পরিবর্তে  
(iii) উভয় ক্ষেত্রেই  
(iv) কোন ক্ষেত্রেই নয়

৭/সর্বনাম পদ কে কয় ভাগে ভাগ করা হয় কি কি?

- (i) পাঁচ ভাগে (ii) ছয় ভাগে  
(iii) সাত ভাগে (iv) আট ভাগে

৮/ব্যক্তিবাচক বিশেষ্যের পরিবর্তে যে সর্বনাম বসে তাকে কি বলে?

- (i) ব্যক্তিবাচক সর্বনাম (ii) নির্দেশক সর্বনাম  
(iii) পার্শ্ববর্তী সর্বনাম (iv) বিশেষ্য বাচক সর্বনাম

## Worksheet-13

৯/ব্যক্তিবাচক সর্বনাম এর আরেক নাম কি?

- |                        |                         |
|------------------------|-------------------------|
| (i) মানুষ বাচক সর্বনাম | (ii) পুরুষ বাচক সর্বনাম |
| (iii) নির্দেশক সর্বনাম | (iv) নাম বাচক সর্বনাম   |

১০/ব্যক্তি ভেদে সর্বনামের পুরুষ কয় প্রকার হয়?

- |                  |                  |
|------------------|------------------|
| (i) দুই প্রকার   | (ii) তিন প্রকার  |
| (iii) চার প্রকার | (iv) পাঁচ প্রকার |

১১/ব্যক্তিবাচক সর্বনাম কে পুরুষ বাচক সর্বনাম বলা হয় কারণ—

- (i) ব্যক্তিবাচক সর্বনাম এর দ্বারা পুরুষের রূপ বুঝতে পারা যায়
- (ii) ব্যক্তিকে আরেক ভাষায় পুরুষ বলে।
- (iii) ব্যক্তি ও পুরুষের মধ্যে কোন পার্থক্য নেই।
- (iv) উপরের কোনোটিই নয়।

১২/যখন স্বয়ং ব্যক্তিকে বোঝানো হয় তখন কোন পুরুষ হয়?

- |                   |                  |
|-------------------|------------------|
| (i) উত্তম পুরুষ   | (ii) মধ্যম পুরুষ |
| (iii) প্রথম পুরুষ | (iv) সু পুরুষ    |

১৩/উত্তম পুরুষে সর্বনাম এর সাধারণ রূপ হলো—

- |          |           |
|----------|-----------|
| (i) আমি  | (ii) তুমি |
| (iii) সে | (iv) তারা |

১৪/আমি শব্দটি এসেছে সংস্কৃত—

- |                 |                  |
|-----------------|------------------|
| (i) যুস্মদ থেকে | (ii) অস্মদ থেকে  |
| (iii) তদ থেকে   | (iv) কোনোটিই নয় |

১৫/সর্বনামের লিঙ্গ বচন নির্ভর করে—

- |                       |                      |
|-----------------------|----------------------|
| (i) বিশেষ্য পদের উপর  | (ii) বিশেষণ পদের উপর |
| (iii) অব্যয় পদের উপর | (iv) ক্রিয়াপদের উপর |

Teacher's Name: Antara Ghosh